# হাম-ডেঙ্গুসহ রোগ নিয়ন্ত্রণে সর্বোচ্চ চেষ্টা চলছে: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

একসঙ্গে হাম, ডেঙ্গুসহ বিভিন্ন রোগের পরিস্থিতি তৈরি হলেও এতে আতঙ্কিত হওয়ার মতো কিছু নেই বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। রোগগুলো নিয়ন্ত্রণে স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা নিচ্ছে বলেও জানান তিনি।

বৃহস্পতিবার সকালে (২০ আগস্ট) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের অডিটরিয়ামে জাতীয় পর্যায়ের ওরাল কলেরা টিকাদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় এসব কথা বলেন তিনি।

কলেরা নিয়ন্ত্রণে বাংলাদেশের অগ্রগতির কথা উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, অতীতে এ রোগে অনেক মানুষের প্রাণহানি ঘটত। দীর্ঘদিনের নানা কার্যক্রমের ফলে এখন সেই পরিস্থিতি অনেকটাই বদলেছে। তবে কলেরাকে আরও নিয়ন্ত্রণে আনতে নতুন করে টিকাদান কর্মসূচি শুরু করা হয়েছে।

সরকারের এই কর্মসূচিতে এক বছর বয়স পূর্ণ হয়েছে এমন শিশু থেকে শুরু করে সব বয়সী মানুষকে টিকা দেওয়ার পরিকল্পনা রয়েছে। প্রথম ধাপে দেশের ১৪টি উপজেলায় ২২ আগস্ট থেকে ২১ সেপ্টেম্বর পর্যন্ত প্রথম ডোজ দেওয়ার কার্যক্রম চলবে।

প্রথম ডোজের পর নির্ধারিত সময়ের ব্যবধানে দ্বিতীয় ডোজ দেওয়া হবে। এ কার্যক্রম ২৬ সেপ্টেম্বর শুরু হয়ে ২৫ অক্টোবর পর্যন্ত চলার কথা রয়েছে।

তবে সবাই এই টিকা নিতে পারবেন না। স্বাস্থ্যমন্ত্রীর তথ্য অনুযায়ী, গর্ভবতী নারী, টিকার কোনো উপাদানে আগে গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া হয়েছে এমন ব্যক্তি এবং বর্তমানে তীব্র সংক্রমণে ভুগছেন এমন মানুষকে এই কর্মসূচির বাইরে রাখা হয়েছে।

অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আবদুস সালাম সভাপতিত্ব করেন।